# এইচ এস সি পরীক্ষা ২০২০ এর মডেল প্রশ্ন (সকল বোর্ড এর জন্য)

## ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা: প্রথম পত্র

বিষয় কোড : | ২ | ৯ | ২ |

সময়-২ ঘণ্টা ৩০ মিনিট সৃজনশীল প্রশ্ন পূর্ণমান — ৭০

*[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে লক্ষ করো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যে কোনো ৭ টি প্রশ্নের উত্তর দাও।]*

১. ▶ জনাব আলিমুদ্দিন এবং জনাব রইসুদ্দিন দু'জন পাইকারী ব্যবসায়ী। জনাব আলিমুদ্দিন শুধু কাপড়ের ব্যবসায় করেন। অন্যদিকে জনাব রইসুদ্দিন কাপড়ের পাশাপাশি জুতার ব্যবসায় করেন। কেননা রইসুদ্দিন মনে করেন একটি ব্যবসায়ে যদি কোনো ক্ষতি হয় তবে অন্য ব্যবসায় থেকে মুনাফা অর্জন করা যাবে। অন্যদিকে আলিমুদ্দিন অধিক মুনাফার আশায় সর্বদা নগদ অর্থ হাতে কম রেখে অধিক বিনিয়োগ করেন।

ক. ব্যবসায় নৈতিকতা কী? ১

খ. সম্পদ সর্বাধিকরণ কোম্পানির মূল লক্ষ্য হওয়া উচিত-ব্যাখ্যা করো। ২

গ. জনাব আলিমুদ্দিনের অধিক অর্থ বিনিয়োগ তার ব্যবসায়ে কী প্রভাব ফেলতে পারে? উদ্দীপকের আলোকে বিশ্লেষণ করো। ৩

ঘ. জনাব রইসুদ্দিন অর্থায়নের কোন নীতি অনুসরন করেছেন? উদ্দীপকের আলোকে উক্ত নীতির যথার্থতা বিশ্লেষণ করো। ৪

২. ▶ ইমন এবং রাকিব দুই বন্ধু। তাঁরা দুজনেই ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে পড়ালেখা শেষ করে ব্যবসায় শুরু করলেন। ইমন শেয়ার বাজার সংক্রান্ত জ্ঞান অর্জন করে ঢাকা শেয়ার বাজারে অর্থ বিনিয়োগ করলেন। অন্যদিকে রাকিব প্রবাসীদের কাছ থেকে বিদেশি মুদ্রা ক্রয় করে তা ঢাকার একটি অনুমোদিত মানি এক্সচেঞ্জ হাউজে লাভে বিক্রয় করেন। এতে করে রাকিব অল্প দিনেই বিভিন্ন এলাকায় পরিচিতি পেয়ে গেল এবং তাঁর ব্যবসায় প্রসারিত হতে থাকল। অন্যদিকে স্বল্পজ্ঞানের কারণে ইমনের বিনিয়োগকৃত শেয়ারের মূল্য হ্রাস পেতে থাকায় ইমনের বেশ বড় পরিমাণ লোকসান হলো এবং সে শেয়ার বাজারে বিনিয়োগকারীদের স্বার্থ রক্ষায় কাজ করা সরকারি কর্তৃপক্ষের সাথে যোগাযোগ করার চেষ্টা করল।

ক. ইক্যুইটি বাজার কী? ১

খ. অপরাধীরা সাধারণত কিভাবে মানি লন্ডারিং-এর মাধ্যমে উপার্জিত অবৈধ অর্থ বৈধ প্রমাণের চেষ্টা করে থাকে? ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকে রাকিবের ব্যবসায়টি কি বৈধ? উক্ত ব্যবসায় আইনের আলোকে বিশ্লেষণ করো। ৩

ঘ. উদ্দীপকের আলোকে শেয়ার বাজারের নিয়ন্ত্রণকারী সরকারি কতৃপক্ষ কে? উক্ত সরকারি সংস্থার কার্যক্রম বিশ্লেষণ করো। ৪

৩. ▶ জনাব আরেফিন ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে লেখাপড়া শেষ করে ব্যবসা করার কথা চিন্তা করছেন। ব্যবসায়ের জন্যে তিনি ২০,০০,০০০ টাকা সংগ্রহ করেছেন। তার বড় ভাই তাকে নিউমার্কেটে কাপড়ের দোকান করতে বললেন। যেখান থেকে আগামী পাঁচ বছর প্রত্যেক বছর ৬,০০,০০০ টাকা করে পাওয়া যাবে। অন্যদিকে আরেফিনের দুলাভাই তাকে এলিফ্যান্ট রোডে ফাস্ট ফুড এর ব্যবসায় করতে বললেন। যেখান থেকে

https://teachingbd24.com

দ্বিতীয় বছরের শুরুতে ৭,০০,০০০ টাকা, তৃতীয় বছরের শেষে ৮,০০,০০০ টাকা, পঞ্চম বছরের শুরুতে ৭,০০,০০০ এবং পঞ্চম বছরের শেষে ৯,০০,০০০ টাকা পাওয়া যাবে। তার বাট্টার হার ১০%।

ক. বাট্টাকরণ কী? ১

খ. অর্থের সময় অগ্রাধিকারের কারণগুলো কী কী? ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকের আলোকে জনাব আরেফিনের কাপড়ের দোকান থেকে প্রাপ্য টাকার বর্তমান মূল্য নির্ণয় করো। ৩

ঘ. তার জন্য কোন ব্যবসায়টি নির্বাচন করা যথাযথ হবে? উদ্দীপকের আলোকে বিশ্লেষণ করো। ৪

৪. ▶ আশিক ফুটওয়্যার লি.-এর ২০১৬ সালের উল্লেখযোগ্য তথ্যসমূহ নিচে দেওয়া হলো:

| বিবরণ | পরিমাণ (টাকা) |
|---|---|
| চলতি বছরের নিট মুনাফা | ৯০,০০০ |
| অবচয় | ২০,০০০ |
| মজুদ পণ্য হ্রাস | ৪০,০০০ |
| পাওনাদার হ্রাস | ৩০,০০০ |
| অনাদায়ী আয় বৃদ্ধি | ৫,০০০ |
| যমুনা অয়েলের শেয়ার ক্রয় | ৫০,০০০ |
| লভ্যাংশ ঘোষণা (এখনো পরিশোধ করা হয় নি) | ৫০,০০০ |
| ঋণ পরিশোধ | ৪০,০০০ |
| প্রারম্ভিক হাতে নগদ | ৩০,০০০ |

অন্যদিকে কাশেম এন্টারপ্রাইজ নতুন একটি প্ল্যান্ট স্থাপন করতে আগ্রহী। যার বার্ষিক স্থির ব্যয় ১০,০০,০০০ টাকা, নতুন পণ্যের একক প্রতি বিক্রয় মূল্য ৫০০ টাকা এবং পরিবর্তনশীল ব্যয় হবে বিক্রয়মূল্যের ৭০%।

ক. কন্ট্রিবিউশন মার্জিন কী? ১

খ. পরিবর্তনশীল ব্যয় বলতে কী বুঝায়? ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকের আলোকে কাশেম এন্টারপ্রাইজ-এর সমচ্ছেদ বিন্দু (টাকায়) নির্ণয় করো। ৩

ঘ. উদ্দীপকের ভিত্তিতে আশিক ফুটওয়্যার লি.-এর ২০১৬ সালের নগদ প্রবাহ বিবরণী তৈরি করো এবং সমাপনী নগদ নির্ণয় করো। ৪

৫. ▶ হোম এপ্যারেলস লি. বাজারে নতুন ব্র্যান্ডের পোশাক বাজারজাতকরণ করতে যাচ্ছে। সারা বছর তাদের ৬০,০০০ একক পণ্যের প্রয়োজন হবে। প্রতি একক পণ্যের ক্রয়মূল্য ২,০০০ টাকা, ফরমায়েশ প্রতি ব্যয় ৪,০০০ টাকা, এবং বহন ব্যয় ৩০ টাকা। প্রতিষ্ঠানটির নিরাপত্তা মজুদ ৮০০ একক এবং সংগ্রহ সময় ৪ দিন।

ক. ব্যবসায় ঋণ কী? ১

খ. স্বতঃস্ফূর্ত অর্থায়নের ধারণাটি ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকের তথ্য অনুযায়ী হোম এপ্যারেলস লি.-এর মোট ব্যয় কত হবে? নির্ণয় করো। ৩

ঘ. উদ্দীপকের আলোকে প্রতিষ্ঠানটির পুনঃফরমায়েশ বিন্দু নির্ণয় করো এবং বিশ্লেষণ করো। ৪

https://teachingbd24.com

৬. ▶ জনাব তাইজুল তার বিনিয়োগ করা ১০০টি বন্ড বাজারে বিক্রয় করে উক্ত অর্থ ১০% সুদে একটি বেসরকারি ব্যাংকে স্থায়ী আমানত হিসেবে বিনিয়োগের সিদ্ধান্ত নিয়েছেন। প্রতিটি বন্ডের অভিহিত মূল্য ১,০০০ টাকা, বাৎসরিক সুদের হার ১২%, মেয়াদ ১২ বছর। প্রতিটি বন্ড তিনি ১,০৫০ টাকা করে বিক্রয় করেন।

ক. জিরো কুপন বন্ড কী? ১

খ. কোন সিকিউরিটিকে শংকর জাতীয় সিকিউরিটি বলা হয়? ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকে উল্লিখিত বন্ডের মূল্য নির্ণয় করো। ৩

ঘ. বন্ডগুলোর মেয়াদপূর্তিতে আয়ের হারের (YTM) ভিত্তিতে জনাব তাইজুলের ব্যাংকে অর্থ জমার রাখার সিদ্ধান্তটি মূল্যায়ন করো। ৪

৭. ▶ TK লি.-এর মূলধন কাঠামো নিচের ছকে দেওয়া হলো:

| মূলধনের উৎস | টাকা |
|---|---|
| সাধারণ শেয়ার | ৫০,০০০ |
| ১২% অগ্রাধিকার শেয়ার | ২০,০০০ |
| ১৬% ডিবেঞ্চার | ৩০,০০০ |
| মোট মূলধন | ১,০০,০০০ |

কোম্পানির শেয়ার বর্তমানে বাজারে ৩০ টাকায় বিক্রি হচ্ছে। এটা ধারণা করা হচ্ছে যে, কোম্পানিটি আগামী বছর প্রতি শেয়ারে ৩ টাকা করে লভ্যাংশ প্রদান করবে যেটা সবসময় ৬% হারে বৃদ্ধি পাবে। কোম্পানির কর হার ৪০%।

এছাড়া ইরেশ ফুড কোম্পানির বিটার মান ১.৫০, বাজার আয়ের হার ১৬% এবং ট্রেজারি বিলের আয়ের হার ৬%।

ক. কাম্য মূলধন কাঠামো কী? ১

খ. সুযোগ ব্যয় বলতে কী বুঝায়? ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকে ইরেশ ফুড কোম্পানির প্রত্যাশিত আয়ের হার ও বাজার ঝুঁকি অধিহার নির্ণয় করো। ৩

ঘ. TK লি.-এর গড় মূলধন ব্যয় (WACC) নির্ণয় করো। ৪

৮. ▶ জনাব আবু বকর সাহেব একটি নতুন প্রকল্প গ্রহণের জন্য একটি মেশিন ক্রয় করবেন। মেশিনটির ক্রয় মূল্য ২,০০,০০০ টাকা এবং আয়ুষ্কাল ৫ বছর। প্রতিষ্ঠানের কর হার ৪০%। উক্ত বিনিয়োগ হতে আগামী ৫ বছর করপরবর্তী মুনাফা হবে যথাক্রমে ২০,০০০ টাকা, ১০,০০০ টাকা, ২৫,০০০ টাকা, ৩,০০০ টাকা এবং ২০,০০০ টাকা। তার সুযোগ ব্যয়ের হার ১০%।

ক. পরস্পর বর্জনশীল প্রকল্প কী? ১

খ. মূলধন রেশনিং বলতে কী বুঝায়? ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকে বর্ণিত প্রকল্পের গড় মুনাফার হার নির্ণয় করো। ৩

ঘ. জনাব আবু বকরের জন্য নিট বর্তমান মূল্যের ভিত্তিতে নতুন প্রকল্পে বিনিয়োগ যুক্তিযুক্ত কী? বিশ্লেষণ করো। ৪

Teachingbd24.com

৯. ▶ চম্পা বেগম ঢাকা বিশ্ববিদ্যালয়ের ব্যবসায় প্রশাসন বিভাগ হতে ডিগ্রী অর্জন করেছেন। তিনি সুষ্ঠুভাবে ঝুঁকি-আয় বিশ্লেষণ করে বিনিয়োগ সিদ্ধান্ত গ্রহণে আগ্রহী। বিনিয়োগের উদ্দেশ্যে তিনি নিম্নোক্ত সিকিউরিটির তথ্যাবলি বিবেচনা করছেন:

| সম্ভাবনা | মুনাফার হার | |
|---|---|---|
| | সিকিউরিটি A | সিকিউরিটি B |
| ০.৩০ | ০.১২ | -০.০৮ |
| ০.৪০ | ০.১০ | ০.২৫ |
| ০.৩০ | ০.১৫ | ০.০৬ |
| পরিমিত ব্যবধান | ০.০৫ | ০.১৫ |

চম্পা বেগম সিকিউরিটি A তে ৩০% এবং সিকিউরিটি B তে ৭০% বিনিয়োগ করবেন।

ক. পোর্টফোলিও কী? ১

খ. বাজার ঝুঁকিকে কেন অপরিহারযোগ্য ঝুঁকি বলে? বুঝিয়ে লেখো। ২

গ. উদ্দীপকে চম্পা বেগমের পোর্টফোলিও আয়ের হার নির্ণয় করো। ৩

ঘ. উদ্দীপকের তথ্যের আলোকে চম্পা বেগমের পোর্টফোলিও ঝুঁকি নির্ণয় করো যদি সহসম্বন্ধ ০.৭০ হয়। ৪

১০. ▶ মনে করো তোমার সামনে দুটি প্রকল্পে বিনিয়োগের সুযোগ আছে। প্রকল্প দুটি হলো X ও Y। প্রকল্প দুটির অন্যান্য তথ্য নিম্নরূপ:

| প্রকল্প X | | প্রকল্প Y | |
|---|---|---|---|
| নগদ আন্তঃপ্রবাহ | সম্ভাবনা বিন্যাস | নগদ আন্তঃপ্রবাহ | সম্ভাবনা বিন্যাস |
| ৭০,০০০ | ৬০% | ৬০,০০০ | ৫০% |
| ২০,০০০ | ১০% | ২০,০০০ | ৩০% |
| ৩০,০০০ | ২০% | ৩০,০০০ | ১০% |
| ১০,০০০ | ১০% | ৪০,০০০ | ১০% |

ক. আর্থিক ঝুঁকি কী? ১

খ. কোন উদ্দেশ্যে পোর্টফোলিও তৈরি করা হয়? ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকের তথ্যাবলি অবলম্বনে প্রকল্প X-এর পরিমিত ব্যবধান নির্ণয় করো। ৩

ঘ. উদ্দীপকের আলোকে প্রকল্প X ও Y-এর মধ্যে কোন প্রকল্পটি বেশি ঝুঁকিপূর্ণ এবং কেন? মন্তব্য করো। ৪

১১. ▶ জনাব ফেরদৌস একজন ক্ষুদ্র ব্যবসায়ী। সম্প্রতি ব্যবসায়িক পরিবেশের কথা বিবেচনা করে তিনি ব্যবসায় সম্প্রসারণের উদ্দেশ্যে একটি সরকারি ব্যাংক থেকে ৬,০০,০০০ টাকা ঋণ নিয়েছেন। যা আগামী তিন বছরে প্রত্যেক বছর শেষে প্রতিটি সমান কিস্তিতে সুদাসলে পরিশোধ করতে হবে। ব্যাংক সুদের হার ১২%।

ক. পুনঃক্রয় চুক্তি কী? ১

খ. মাধ্যমিক বাজার কী? ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকে জনাব ফেরদৌসকে প্রতি কিস্তিতে কত টাকা করে পরিশোধ করতে হবে? নির্ণয় করো। ৩

ঘ. উদ্দীপকের তথ্যের ভিত্তিতে জনাব ফেরদৌসের একটি ঋণ পরিশোধ সূচি প্রস্তুত করো। ৪

https://teachingbd24.com

ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা: প্রথম পত্র (বহুনির্বাচনি) বিষয় কোড : ২ ৯ ২

সময় ৪৩০ মিনিট পূর্ণমান—৩০

[ বিশেষ দ্রষ্টব্য ঃ সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রের প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বলপয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান-১ ]

১. পোর্টফোলিও বিনিয়োগের প্রধান উদ্দেশ্য কী?
ক ঝুঁকি হ্রাস
খ মুনাফা বৃদ্ধি
গ বিক্রয় বৃদ্ধি
ঘ উৎপাদন হ্রাস

২. মুদ্রা বাজার নিয়ন্ত্রণকারী প্রতিষ্ঠান কোনটি ?
ক বাংলাদেশ ব্যাংক
খ বাংলাদেশ চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজ
গ বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশন
ঘ ঢাকা স্টক এক্সচেঞ্জ

৩. সরকারি অর্থায়নের মূল উদ্দেশ্য কোনটি?
ক আর্থ-সামাজিক কল্যাণ সাধন
খ মুনাফা অর্জন
গ সম্পদ সর্বাধিকরণ
গ জনপ্রিয়তা বৃদ্ধি

৪. EAR-এর পূর্ণরূপ কী?
ক Effective Annual Rate
খ Evaluate Annual Rate
গ Efficient Annual Rate
ঘ Earning Annual Rate

৫. অর্থের সময়মূল্য জানা প্রয়োজন-
i. অর্থ সংগ্রহের সময়
ii. আর্থিক ব্যবস্থাপনাতে
iii. আর্থিক সিদ্ধান্ত গ্রহণের সময়
নিচের কোনটি সঠিক ?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

উদ্দীপকটি পড়ো এবং ৬ ও ৭ নং প্রশ্নের উত্তর দাও।
ABC কোম্পানি লি.-এর শেয়ারের বর্তমান বাজার মূল্য ১৫০ টাকা। কোম্পানিটি প্রতি বছর ১২ টাকা হারে লভ্যাংশ প্রদান করে।

৬. ABC কোম্পানি লি.-এর সাধারণ শেয়ারের ব্যয় কত?
ক ৭% খ ৮%
গ ৯% ঘ ১০%

৭. যদি লভ্যাংশ বৃদ্ধির হার ২% এবং উত্তরণ ব্যয় বাজার মূল্যের ৫% হয় তবে সাধারণ শেয়ারের ব্যয় কত হবে?
ক ৭.৫৮% খ ৮.৫৮%
গ ৯.৫৮% ঘ ১০.৫৮%

৮. একটি বিনিয়োগ ক্ষেত্রে ২,৪০,০০০ টাকা বিনিয়োগ করে আগামী ৫ বছরে প্রতি বছর ৬০,০০০ টাকা করে পাওয়া যাবে। এক্ষেত্রে পরিশোধকাল কত হবে?
ক ২ বছর খ ৪ বছর
গ ৩ বছর ঘ ৫ বছর

৯. ঝুঁকি পরিমাপের জন্য ব্যবহার করা হয়—
i. আন্তঃআয়ের হার
ii. আদর্শ বিচ্যুতি
iii. বিভেদাঙ্ক
নিচের কোনটি সঠিক ?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i,ii ও iii

উদ্দীপকটি পড়ো এবং ১০ ও ১১ নং প্রশ্নের উত্তর দাও।
জামান সাহেব তার কারখানায় ১,০০০ একক পণ্য উৎপাদন করেন। যার পরিবর্তনশীল ব্যয় ৫,০০০ টাকা এবং স্থায়ী ব্যয় ৪,০০০ টাকা। তিনি পণ্য বিক্রি করেন ১০,০০০ টাকায়।

১০. জামান সাহেবের সমচ্ছেদ বিন্দু একক কত হবে?
ক ৭০০ একক খ ৮০০ একক
গ ৮৫০ একক ঘ ৯০০ একক

১১. জামান সাহেবের নিরাপত্তা প্রান্ত কত হবে?
ক ১০০ খ ২০০
গ ৩০০ ঘ ৪০০

১২. বাজার ঝুঁকির মান ১.৫, ঝুঁকিমুক্ত আয়ের হার ৬% এবং বাজার আয়ের হার ১২% হলে, সিকিউরিটির প্রত্যাশিত আয়ের হার কত?
ক .৯% খ ১২%
গ ১৫% ঘ ৩৩%

১৩. মানি লন্ডারিং-এর পদ্ধতি হলো—
i. প্লেসমেন্ট
ii. লেয়ারিং
iii. ইন্টিগ্রেশন
নিচের কোনটি সঠিক ?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i,ii ও iii

উদ্দীপকটি পড়ো এবং ১৪ ও ১৫ নং প্রশ্নের উত্তর দাও।
FL কোম্পানি লি. ফ্যান বিক্রয় করে থাকে। সারা বছর তাদের প্রত্যাশিত বিক্রয়ের পরিমাণ ৯০,০০০ টাকা। প্রতি একক ফরমায়েশ ব্যয় ৫০০ টাকা এবং প্রতিটি ফ্যানের বহন খরচ ১০ টাকা।

১৪. FL লিমিটেড-এর মিতব্যয়ী ফরমায়েশ পরিমাণ কত একক?
ক ২,০০০ খ ৩,০০০
গ ৪,০০০ ঘ ৫,০০০

Teachingbd24.com

১৫. FL লিমিটেডের মোট মজুদ ব্যয় কত টাকা?

ⓚ ২০,০০০　　ⓚh ৩০,০০০

ⓖ ৪০,০০০　　ⓖh ৫০,০০০

১৬. কোন বন্ড অবহারে বিক্রয় করা হয়?

(ক) জিরো কুপন বন্ড

(খ) কুপন বন্ড

(গ) অসীম বন্ড

(ঘ) কর্পোরেট বন্ড

১৭. চক্রবৃদ্ধি ও বাট্টাকরণের সম্পর্ক হচ্ছে-

(ক) সমমুখী　　(খ) বিপরীতমুখী

(গ) নিরপেক্ষ　　(ঘ) সমানুপাতিক

১৮. স্বতঃস্ফূর্ত অর্থায়ন হলো—

i. ব্যবসায় ঋণ

ii. ঘূর্ণায়মান ঋণ

iii. বকেয়া খরচ

নিচের কোনটি সঠিক ?

(ক) i ও ii　　(খ) i ও iii

(গ) ii ও iii　　(ঘ) i,ii ও iii

**উদ্দীপকটি পড়ো এবং ১৯ ও ২০ নং প্রশ্নের উত্তর দাও।**

নীলপদ্ম লি. একটি নতুন প্রকল্পে ২ লক্ষ টাকা বিনিয়োগ করার জন্য বিবেচনা করছে। প্রকল্পটির সম্ভাব্য গড় কর পরবর্তী নিট মুনাফা ৬০ হাজার টাকা। প্রতিষ্ঠানটি প্রকল্প মূল্যায়নের ক্ষেত্রে মূলধন বাজেটিং-এর গড় মুনাফার হার কৌশলটি ব্যবহার করে।

১৯. উদ্দীপকটি উল্লিখিত প্রকল্পটির গড় মুনাফার হার কত?

(ক) ১২.৫%　　(খ) ২৫%

(গ) ৪০%　　(ঘ) ৬০%

২০. নীলপদ্ম লি.-এর মূলধন বাজেটিং কৌশলের সীমাবদ্ধতা হলো—

i. ঝুঁকি বিবেচনা করে না

ii. নগদ আন্তঃপ্রবাহ বিবেচনা করে না

iii. অর্থের সময়মূল্য বিবেচনা করে না

নিচের কোনটি সঠিক ?

(ক) i ও ii　　(খ) i ও iii

(গ) ii ও iii　　(ঘ) i,ii ও iii

২১. কোন চক্রবৃদ্ধিতে ভবিষ্যৎ মূল্য সর্বাধিক হবে?

(ক) মাসিক　　(খ) ষান্মাসিক

(গ) ত্রৈমাসিক　　(ঘ) বার্ষিক

২২. জনাব রাশেদ ১,০০,০০০ টাকা ১০ বছরের জন্য ব্যাংকে ১২% সুদে জমা দিতে চায়। বার্ষিক চক্রবৃদ্ধিতে ১০ বছর পর রাশেদ কত টাকা পাবে?

(ক) ৩,১০,৫৮৪.৮২

(খ) ৩,১০,৬৮৪.৮২

(গ) ৩,১০,৭৮৪.৮২

(ঘ) ৩১,০৮,৮৪৮.৮২

২৩. মূলধন বাজারের হাতিয়ার হচ্ছে-

(ক) বাণিজ্যিক কাগজ　　(খ) পুনঃক্রয় চুক্তি

(গ) ট্রেজারি বিল　　(ঘ) ঋণপত্র

২৪. একটি জিরো কুপন বন্ডের অভিহিত মূল্য ১,০০০ টাকা, মেয়াদ ৬ বছর এবং এ ধরনের বন্ডের সুযোগ ব্যয় ১২% হলে বন্ডের অন্তর্নিহিত মূল্য কত টাকা?

(ক) ১২০　　(খ) ১৬৬

(গ) ২৫৭　　(ঘ) ৫০৭

২৫. ৩/১৫, নিট ৪৫ শর্তে ব্যবসায় ঋণের ব্যয় কত?

(ক) ৩৭.১১%　　(খ) ৩৭.৬৩%

(গ) ৩৯.৩৩%　　(ঘ) ৪০.৪৪%

২৬. কোন ধরনের শেয়ার হতে নির্দিষ্ট হারে আয় পাওয়া যায়?

(ক) অগ্রাধিকার শেয়ার　　(খ) বোনাস শেয়ার

(গ) সাধারণ শেয়ার　　(ঘ) রাইট শেয়ার

**উদ্দীপকটি পড়ো এবং ২৭ ও ২৮ নং প্রশ্নের উত্তর দাও।**

হক ট্রেডার্স একটি খ্যাতনামা উৎপাদনকারী প্রতিষ্ঠান। তারা তাদের উৎপাদন কাজের প্রয়োজনে একটি মেশিন হাসিব লিজিং কোম্পানির নিকট থেকে ৮ বছরের জন্য লিজ নেয়।

২৭. 'হক ট্রেডার্স' এক্ষেত্রে কোন ধরনের অর্থসংস্থান করেছে?

(ক) স্বল্পমেয়াদি　　(খ) মধ্যমেয়াদি

(গ) দীর্ঘমেয়াদি　　(ঘ) স্বতঃস্ফূর্ত

২৮. হক ট্রেডার্স যদি মেশিনটি ১০ বছরের জন্য লিজ নেয় তাহলে মেশিনটি রক্ষণাবেক্ষণের দায়িত্ব কার হতো?

(ক) হক ট্রেডার্সের

(খ) হাসিব লিজিং কোম্পানির

(গ) ব্যাংকের

(ঘ) সরকারের

২৯. নিচের কোনটি বিভেদাঙ্ক নির্ণয়ের সূত্র?

(ক) $CV = \frac{\sigma}{\bar{R}}$　　(খ) $CV = \frac{\bar{R}}{\sigma}$

(গ) $CV = \frac{\sigma^2}{\bar{R}}$　　(ঘ) $CV = \frac{\bar{R}}{\sigma^2}$

৩০. নিচের কোনটি মূলধন বাজেটিং সিদ্ধান্ত?

(ক) জ্বালানি ক্রয়　　(খ) মনিহারি ক্রয়

(গ) যন্ত্রপাতি ক্রয়　　(ঘ) কাঁচামাল ক্রয়

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ক | ২ | ক | ৩ | ক | ৪ | ক | ৫ | ঘ | ৬ | খ | ৭ | ঘ | ৮ | খ | ৯ | গ | ১০ | খ | ১১ | খ | ১২ | গ | ১৩ | ঘ | ১৪ | খ | ১৫ | খ |
| ১৬ | ক | ১৭ | খ | ১৮ | খ | ১৯ | ঘ | ২০ | খ | ২১ | ক | ২২ | ক | ২৩ | ঘ | ২৪ | ঘ | ২৫ | ক | ২৬ | ক | ২৭ | গ | ২৮ | ক | ২৯ | ক | ৩০ | গ |

https://teachingbd24.com